কলূষমুক্ত সমাজ গঠনে সাহিত্যের ভূমিকা অপরিসীহিম

এবারের একুশে মেলায় চিকিৎসক জাহাঙ্গীর বিশ্বাসের দুটি বই প্রকাশিত হয়েছে। বই দুটির মোড়ক উন্মোচন ও সংবর্ধনাসভা অনুষ্ঠিত হয়েছে দর্শনা প্রেসক্লাবে।

রোববার বিকালে প্রেসক্লাবে অনুষ্ঠিত মোড়ক উন্মোচন ও সংবর্ধনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যকালে দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন, বই জ্ঞানের প্রতীক।

নতে হলে পড়তে হবে। যে যত বেশী বই পড়বে, সে তত বেশী জ্ঞান অর্জন করবে। অজানাকে জানতে বই পড়ার কোন বিকল্প নেই। সুশিল সমাজ গঠনে বেশী বেশী সাহিত্য চর্চা করতে হবে। সাহিত্যকে ছড়িয়ে দিতে হবে সকলের হৃদয়ে।

একটি কথা মনে রাখতে হবে কলূষমুক্ত সমাজ গঠনে সাহিত্যের ভূমিকা অপরিসীহিম। দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন হাফেজ নেছার উদ্দিন।

পরে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে অতিথিদের ফুলেল শুভেচ্ছা দেয়া হয়। দর্শনা সাহিত্য পরিষদের পক্ষ থেকে একুশে মেলায় প্রকাশিত অনুসন্ধানি মূলক “ইতিহাসের খোজে তিন গোয়েন্দা” ও শিশুতোষ কাব্যগ্রন্থ “বাংলার মধূমাস”র লেখক চিকিৎসক জাহাঙ্গীর আলম বিশ্বাসকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

স্বাগত বক্তব্য দেন সংবর্ধিত লেখ জাহাঙ্গীর বিশ্বাস। আলোচনা করেন, কেরুজ চিনিকলের এডিএম শেখ শাহাব উদ্দিন, কবি আবু সুফিয়ান, দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, প্রেসক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন।

সাংবাদিক হানিফ মন্ডলের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, দর্শনা সাহিত্য পরিষদের সভাপতি শাহজামাল, সহসভাপতি শফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, কবি ডা. খালেদা খানম, মুর্শিদ, শাপলা, রানা বিশ্বাস, মিঠু বিশ্বাস প্রমুখ।।

চুয়াডাঙ্গায় ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য সামগ্রী বিক্রয়ের উদ্বোধন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্ধারিত ভতুর্কি মূল্যে চুয়াডাঙ্গায় টিসিবির পণ্য সামগ্রী বিক্রয়ের উদ্বোধন করা হয়েছে। চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে রবিবার সকাল দশটার সময় পবিত্র রমজান উপলক্ষে ভর্তুকি মূল্যে জেলা প্রশাসনের মাধ্যমে নিম্নআয়ের পরিবারের নিকট টিসিবির পণ্য সামগ্রী বিক্রয়ের শুভ উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য সামগ্রী আনুষ্ঠানিকভাবে বিক্রয় কার্যক্রম শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গায় ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন)।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশমতে সারাদেশের ১কোটি মানুষকে পারিবারিক কার্ডের মাধ্যমে তিনটি পণ্য বিতরণ আজ থেকে শুরু হয়েছে।

দেওয়া হবে, চিনি ও মসুর ডাল দুই কেজি, তেল দুই লিটার। রমজানের আগে ও রমজানের মধ্যে দুই দফা এক কোটি নিম্ন আয়ের পরিবারের মধ্যে কার্ডের ভিত্তিতে টিসিবির পণ্য বিক্রি করবে।

এসময় তিনি আরও বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মাধ্যমে দেশ সামনের দিকে আরো এগিয়ে যাবে।

ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য সামগ্রী বিক্রয়ের শুভ উদ্বোধনকালে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম (বিপিএম-সেবা), চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) সাজিয়া আফরীন,চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন,

আজ থেকে ৩১ মার্চ পর্যন্ত রোজার আগে প্রথম পর্বে সয়াবিন তেল, চিনি, মশুর ডাল বিক্রি করা হবে।’উপকারভোগী’ পরিবারের মধ্যে প্রতি লিটার ১১০ টাকা দরে ২ লিটার সয়াবিন তেল, ৫৫ টাকা কেজি দরে ২ কেজি চিনি, ৬৫ টাকা কেজি দরে ২ কেজি মসুর ডাল দেওয়া হবে। এছাড়া ২ কেজি করে ছোলা পাবেন, ৫০ টাকা দরে।

চালের দাম কমাতে মিল মালিকদের নির্দেশ দিলেন খাদ্যমন্ত্রী

আগামী সপ্তাহ থেকে চালের দাম কমাতে মিল মালিকদের প্রতি নির্দেশ দিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেন, যতই দিন যাচ্ছে ততই চালের দাম বাড়ছে।

দোকানদাররা বলেন মিলগেট থেকে দাম বেশি নিচ্ছে। মিলমালিকরা বলবে বেশি দামে ধান কেনা হচ্ছে। আমরা তদন্ত করে দেখেছি, তাই খোঁড়া যুক্তি দেখে আমরা বসে থাকতে চাই না। আগামী সপ্তাহ থেকে চালের দাম কমাবতে হবে।

তিনি রবিবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অবৈধ মজুদদারিরোধে করনীয় ও বাজার তদারকি সংক্রান্ত মতবিনিময় সভায় তিনি একথা বলেন।

বাজারে চালের অভাব নেই-চাল ভর্তি। কিন্তু দাম কেন বাড়ছে, তা খতিয়ে দেখার নির্দেশনা দিয়ে খাদ্য কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, মিলের স্টক ভেরিফিকেশন করতে হবে, কতটুকু ক্র্যাসিং হল, কতটুকু সরবরাহ হল তা সপ্তাহ শেষে নিয়মিত রিপোর্ট করতে হবে।

তিনি আরও বলেন, মিল মালিক, ব্যবসায়ী ও আড়তদারদের মুনাফা কম করে দেশের মানুষের প্রতি মানবিক হতে হবে। কারা ধান চাল মজুত করছে জানতে চেয়ে মন্ত্রী বলেন, আপনারা যদি জেনে থাকেন কারও কাছে অবৈধ মজুদ আছে, তার তথ্য দিন। তথ্য দিয়ে সহযোগিতা করুন-ব্যবস্থা নেওয়া হবে। যারা চালের দাম বাড়িয়েছে তারা আবার ধীরে ধীরে চালের দাম কমাবেন বলেও হুঁশিয়ারী প্রদান করেন তিনি।

কুষ্টিয়ার চালের বাজার ঢাকা সহ সারাদেশ নিয়ন্ত্রণ করে উল্লেখ করে মন্ত্রী বলেন, চালের বাজার স্থিতিশীল রাখতে এই কুষ্টিয়ার খাজানগরের মোকামই যতেষ্ট। তাই সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ও কামনা করেন তিনি।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাদ্য সচিব মোছাম্মৎ নাজমানারা খানুম, খাদ্য বিভাগের মহাপরিচালক মোঃ শাখাওয়াত হোসেন, খুলনা বিভাগের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক মাহবুবুর রহমান, বাংলাদেশ রাইস মিল অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় সভাপতি আব্দুর রশিদ, জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী, কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান ও চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি হাজী রবিউল ইসলাম, কুষ্টিয়া পৌরসভার মেয়র আনোয়ার আলীসহ মেহেরপুরের জেলা প্রশাসক (ডিসি) ড. মোহাম্মদ মুনসুর আলম খান ও চুয়াডাঙ্গার জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান, খুলনা বিভাগের সকল জেলা খাদ্য বিভাগের কর্মকর্তা, কুষ্টিয়ার ব্যবসায়ী ও চালকল মালিক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ রাইস মিল অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় সভাপতি আব্দুর রশিদ বলেন, কৃষি খাতে বিপ্লব ঘটিয়েছে বলেই কৃষকরা ধান সহ অন্যান্য ফসল সহজেই বিক্রি করে না। আমরা এক বছরের ধান কিনতে একসাথে কিনতে পারি না। অন্যান্য জেলার বাজারের থেকে কুষ্টিয়ার চালের বাজার সহনীয় পর্যায়ে রয়েছে বলেও দাবি করেন তিনি। এতোকিছুর পরেও চালের দাম কমানো হবে বলেও জানান তিনি।

সাংবাদিক তারিকুল হক তারিক বলেন, বরাদ্দ আসে তখন মালিকের মাঝে বিভাজন হয়। মিলাররা বলে আমরা লস করে চাল সরকারকে দিচ্ছি।

চালকল মালিক সমিতির সাধারন সম্পাদক জয়নাল আবেদীন বলেন, গত দুই মাসে মিল গেটে চালের দাম বাড়েনি। আড়তদাররা চালের দাম বাড়ায়, নতুন নতুন ব্যবসায়ী ধান চালের ব্যবসায় যুক্ত হচ্ছে, তারাও চালের দাম বাড়াচ্ছে।
দেশ এ্যগ্রো খালেক বলেন, এবছর দুই হাজার গাড়ী চাল বিক্রি করতে পেরেছি। সরকার কে এ বছর খাদ্য বিভাগ কে যা দেওয়ার কথা ছিলো তার দ্বিগুন সরবরাহ করেছি।

কুষ্টিয়ায় মৌবনের উদ্যোগে জাতীয় নারী ফুটবলার নীলাকে সংবর্ধনা

কুষ্টিয়ার কৃতি সন্তান জাতীয় ও বয়সভিত্তিক দলের নিয়মিত মুখ নারী ফুটরলার নিলুফা ইয়াসমিন নিলাকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

শনিবার রাতে এক অনুষ্ঠানে কুষ্টিয়ার নারী বাতায়ন একটি ‍‌”মৌবন” উদ্যোগ এই সংবর্ধনা প্রদানের আয়োজন করে।

অনুষ্ঠানে মৌবনের সিইও হাবিবুল আলম, নির্বাহী পরিচালক সাফিনা আঞ্জুম জনী, জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল, ম্যানেজার আশিকুজ্জামান রনি, রতন কাজী, এমদাদ হোসেন, সাংবাদিক এসএম জামালসহ মৌবনের অন্যান্য কর্মকর্তা ও নিলুফা ইয়াসমিন নিলার পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

মৌবনের সিইও হাবিবুল আলম বলেন, জাতীয় ও বয়সভিত্তিক দলের নিয়মিত মুখ নিলুফা ইয়াসমিন নিলা খাতুন কুষ্টিয়ার সন্তান। তাই তাদেরকে প্রয়োজনীয় সহযোগীতা করে এবং তাদের পাশে দাঁড়িয়ে উৎসাহ প্রদান করে তার পাশে দাঁড়ানো আমাদের উচিৎ।
তিনি আরও বলেন, কুষ্টিয়ায় বেড়ে ওঠা এসব কৃতি খেলোয়াড় আজ জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করছে এটা অবশ্যই আমাদের জেলার জন্য গর্বের বিষয়। তাদের সম্মানিত করা উচিত। যাতে করে ফুটবলের মাধ্যমে তারা দেশের সুনাম বয়ে আনতে পারে। সেই বোধ থেকেই আমরা তাকে সম্মান জানানোর চেষ্টা করেছি মাত্র।

শেখ হাসিনা সরকার ক্রীড়াপ্রেমী সরকার উল্লেখ করে মৌবনের নির্বাহী পরিচালক ও নারী বাতায়ন এর সভানেত্রী সাফিনা আঞ্জুম জনী বলেন, নারী ফুটবলের জাগরণ সৃষ্টি হয়েছে দেশে, মাননীয় প্রধানমন্ত্রী নারীদের ক্রীড়া অঙ্গনে সর্বোচ্চ প্রাধান্য দিয়েছে কাজ করছে।
তিনি আরও বলেন, একজন শিক্ষার্থী তার মেধা অনুশীলন দিয়ে যে বিশ্ব জয় করতে পারে ইয়াসমিন আক্তার তার উদাহরণ। তাকে সংবর্ধনা জানাতে

পেরে মৌবন এবং নারী বাতায়ন গর্ববোধ করছে।

সংবর্ধিত হয়ে ইয়াসমিন আক্তার বলেন, আজ আমার আনন্দের দিন। আমার নিজ জেলার এই স্বনামধন্য ব্যবসায় প্রতিষ্ঠান মৌবন থেকে আমাকে সংবর্ধনা প্রদান করেছে এজন্য আমি গর্বিত।

প্রসঙ্গত, সম্প্রতি সাফ অনূর্ধ্ব-১৯নারী চ্যাম্পিয়নশিপে শক্তিশালী ভারতকে হারিয়ে বাংলাদেশি কিশোরিরা চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। সাফ অনূর্ধ্ব-১৯ নারী দলে কুষ্টিয়া শহরের থানাপাড়া এলাকার বাসিন্দা নিলুফা ইয়াসমিন নীলা অংশ নিয়ে দারুন পারফরম্যন্স দেখায়। বাবা না থাকায় খেলোয়াড়ী ওস্তাদ আহমেদ সায়েদ আল ফাত্তাহই তার অভিভাবক। ধ্যান জ্ঞান সবই তার খেলোয়াড়ী ওস্তাদ আহমেদ সায়েদ আল ফাত্তাহকে নিয়েই।

শুধু অভিভবাবকই নয় তার জন্যই আজকের এই নীলা জাতীয় দলে খেলতে পারছেন। দুই বোনের মধ্যে বড় নীলা। ছোটবোনটি এবার চাঁদ সুলতানা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৯ম শ্রেনীর ছাত্রী।

টেডি’র জীবন দিয়ে রক্ষা করলো মালিকের জীবন

আদিকাল থেকেই প্রচলিত আছে কুকুর প্রভুভক্ত প্রাণী। আবারও সেই কথার প্রমাণই দিলো ঝিনাইদহের টেডি নামের একটি কুকুর। জার্মান শেফার্ড জাতের একটি কুকুর বিষাক্ত সাপের মুখে নিজের জীবন বিলিয়ে দিয়ে বাঁচালেন মালিকের জীবন।

বৃহস্পতিবার (১৭ মার্চ) রাত ৯টার দিকে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় মালিককে বাঁচাতে সাপ ও কুকুরের মধ্যে পাল্টাপাল্টি আক্রমণের ঘটনা ঘটে। শেষ পর্যন্ত সাপ ও কুকুর উভয়ই মারা যায়। তবে রক্ষা পান মালিক সেলিম রেজার জীবন।

সেলিম রেজা উপজেলা বলরামনগর গ্রামের আবদুর রহমানের ছেলে। তিনি পেশায় একজন কৃষক।

জানা যায়, বৃহস্পতিবার রাতে টেডি নামের ওই কুকুরের মালিক সেলিম রেজা ও তার ভাই আলিম রেজা মাঠে আলুর জমি পাহারা দিচ্ছিলেন। পাশে ছিল বিশ্রামের জন্য একটি চৌকি। এর ওপর দুই ভাই শুয়ে ছিলেন। টেডি ছিল ওই চৌকির নিচে। রাত ৯টার দিকে ওই খাটের কাছে একটি সাপ ছুটে আসে। এটা দেখে টেডি সাপটিকে ধাওয়া দেয়। কিছু দূরে উভয়ের মধ্যে লড়াই হয়।

একপর্যায়ে টেডি সাপটিকে মারতে সক্ষম হয়। কিন্তু এর মধ্যে সাপটির কামড়ে আক্রান্ত হয় সে নিজেও মারা যায় টেডি।

সেলিম রেজা বলেন, টেডিকে এক লাখ টাকা দিয়ে কিনেছিলাম। প্রথমে তাকে ২০১৯ সালে বাংলাদেশে আনা হয়। টেডির কারণে খেত পাহারা দিতে কোনো শ্রমিকের দরকার হতো না। এর আগেও জীবনের ঝুঁকি নিয়ে তার পরিবারের সদস্যদের নিরাপদে রেখেছিল টেডি। একদিন তার ছেলেকে মোটরসাইকেলে চাঁপা পড়া থেকে রক্ষা করেছিল টেডি।

ফ্যামিলি কার্ডের মাধ্যমে শৈলকুপায় টিসিবি’র পণ্য বিক্রয় শুরু

ফ্যামিলি কার্ডের মাধ্যমে সরকারের ভর্তুকি মূল্যে পণ্য বিক্রয় কার্যক্রমের আওতায় রমজান মাস উপলক্ষে আজ রবিবার থেকে সারাদেশের ন্যায় ঝিনাইদহের শৈলকুপায় শুরু হয়েছে টিসিবি’র পণ্য বিক্রয় কার্যক্রম।

উপজেলায় আজ রবিবার দিন ব্যাপী ২৭,২৪৩ জনের মধ্যে ৪,০৩৫ জন নিম্ন আয়ের পরিবার সাশ্রয়ীমূল্যে এই পণ্য পাবে। দুই কিস্তিতে এ পণ্য বিক্রয় কার্যক্রম চলবে। প্রথম পাবে ২০ থেকে ৩০ মার্চ এবং দ্বিতীয় কিস্তি পাবে ৩ থেকে ২০ এপ্রিল।
প্রত্যেক পরিবার ১১০ টাকা দামে ২ লিটার সয়াবিন তেল, ৫৫ টাকা দামে ২ কেজি চিনি, ৬৫ টাকা দামে ২ কেজি মসুর ডাল পাবে।

নিন্ম আয়ের মানুষের কাছে টিসিবির পণ্য পৌঁছে দিতে উপজেলা ব্যপি সুবিধাভোগী পরিবারের তালিকা তৈরি করা হয়েছে। তালিকা অনুযায়ী তাদেরকে ফ্যামিলি কার্ড দিয়েছে সরকার।

আজ এ উপলক্ষে উপজেলার সারুটিয়া, মনোহরপুর ও আবাইপুর ইউনিয়নে টিসিবির পণ্য বিক্রয় করা হয়েছে। এ বিক্রয় কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান শিকদার শেফালি বেগম, সভাপতিত্ব করেন নির্বহী অফিসার কানিজ ফাতেমা লিজা, বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুান,জাহিদুল ইসলাম জাহিদ ও আলহাজ্ব হেলাল উদ্দিন বিশ্বাস।

শৈলকুপায় অস্ত্র ও গুলিসহ গ্রেফতার ২

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার গাড়াগঞ্জ বাসস্ট্যান্ড এলাকা থেকে ২ টি পিস্তল, ৩ রাউন্ড গুলি, ধারালো অস্ত্র ও প্রায় ১২ হাজার টাকা সহ ২ জনকে গ্রেফতার করেছে র্যাব।

রোববার ভোররাতে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলো- শৈলকুপা উপজেলার ঝাউদিয়া গ্রামের মৃত মোশাররফ শেখের ছেলে বেল্লাল হোসেন (৩৫) ও হাবিবপুর গ্রামের মৃত মজিদ শেখের ছেলে সিজান (২২)।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার মেজর শরিফুল আহসান জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে গাড়াগঞ্জ বাজার এলাকায় মাদক ব্যবসায়ীরা মাদক ক্রয়-বিক্রয়ের জন্য অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে র্যাবের একটি টহল দল সেখানে অভিযান চালায়। গাড়াগঞ্জ বাস স্টান্ডের পাশের একটি দোকানের সামনে পৌছালে র্যাবের উপস্থিতি টের পেয়ে অন্যরা পালিয়ে গেলেও ঘটনাস্থল থেকে বেল্লাল হোসেন এবং সিজান’কে আটক করা হয়।

পরে তাদের দেহ তল্লাসী করে একটি বিদেশী পিস্তল, একটি ওয়ান শুটার

গান, তিন রাউন্ড গুলি, একটি ম্যাগজিন, তিনটি মোবাইল ফোন, একটি ধারালো অস্ত্র ও মাদক বিক্রির বিপুল পরিমাণ টাকা জব্দ করা হয়। আটককৃতদের বিরুদ্ধে কুষ্টিয়া ও ঝিনাইদহের বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে। তাদের বিরুদ্ধে র্যাবের পক্ষ থেকে মামলা করে শৈলকুপা থানায় সোপর্দ করা হয়েছে।

এব্যপারে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম জানান , র্যাব অস্ত্রসহ দুইজনকে আটক করে থানায় সোপর্দ করেছে। এদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

মেহেরপুরে মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন এবং মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

শনিবার সন্ধ্যায় জেলা প্রশাসক চত্বরে এ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসন আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

এছাড়াও জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন প্রমুখ এসময় উপস্থিত ছিলেন।

এর আগে মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলার স্টলগুলি জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পরিদর্শন করেন।

ঝিনাইদহ শ্রমিক ইউনিয়নের নির্বাচনী কার্যালয় ভাংচুর

ঝিনাইদহ জেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনে বাবুল-সাঈদ পরিষদের নির্বাচনী কার্যালয় ব্যাপক ভাংচুর করেছে দুর্বৃত্তরা।

শনিবার দিবাগত রাত দুইটার দিকে শহরের চুয়াডাঙ্গা বাসষ্ট্যান্ড এলাকায় ঘটনা ঘটে।

জানাযায়, ঝিনাইদহ জেলা বাস, মিনিবাস কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন আগামী ২৫ মার্চ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। মাজহারুল ইসলাম বাবুল, সাইদুল ইসলাম সাঈদ পরিষদ ও ওলিয়ার রহমান খান, আশরাফুজ্জামান খোকন পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছে।

সভাপতি পদপ্রার্থী মাজহারুল ইসলাম বাবুল অভিযোগ করেন, শুক্রবার গভীর রাতে নির্বাচনে প্রতিপক্ষ ওলিয়ার-খোকন পরিষদের সমর্থক ২৫ থেকে ৩০ জন শ্রমিকের একটি দল নির্বাচনী কার্যালয়ে হামলা চালায়।

সেসময় তারা অফিসে থাকা চেয়ার, টেবিল ভাংচুর ও ব্যানার পোষ্টার ছিড়ে ফেলে। ঘটনার খবরে শনিবার সকালে উভয় পক্ষের সমর্থকদের মধ্যে উত্তেজনা শুরু হয়। খবর পেয়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

সাধারন সম্পাদক পদপ্রার্থী সাইদুল ইসলাম সাঈদ আভিযোগ করে বলেন, রাতে আমাদের নির্বাচনী কার্ষালয় ভাংচুর ভোটারদের নিয়ে বসেছিলাম।

সেসময় প্রতিপক্ষ গ্রুপ ওলিয়ার রহমান খান ও আশরাফুজ্জামান খোকনের দলীয় লোকজন নিয়ে আমাদের নির্বাচনী কার্যালয়ে অতর্কিত হামলা চালায়। সেসময় আমরা দৌড়ে পালিয়ে যায়। পরে তারা আমাদের নির্বাচনী কার্যালয় ব্যাপক ভাংচুর করে। এ ঘটনায় আমরা এ ঘটনার সুষ্ঠু বিচার দাবি করছি।

এ ব্যাপারে প্রতিপক্ষের সভাপতি পদপ্রার্থী ওলিয়ার রহমান খান বলেন, রাত ১০ টার দিকে ওরা আমাদের নির্বাচনী কার্যালয় ভাংচুর

করে। তারপর এই ঘটনাটি ঘটেছে।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মাদ সোহেল রানা বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছিলাম। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক আছে। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে।

হরিণাকুণ্ডুর ধুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ৩ নং তাহেরহুদা ইউনিয়নের ঐতিহ্যবাহী ধুলিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠিত হয়েছে।

বিদ্যালয়টি ২০০৫ সালে স্থাপিত হয়ে অদ্যবদী পর্যন্ত সুনামের সাথে শিক্ষাদান করে আসছে। উপজেলার ছায়াঢাকা পল্লীর জনপদ ধুলিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে এক উৎসবমুখর শান্তিপূর্ণ পরিবেশে শনিবার এই ভোট গ্রহন অনুষ্ঠিত হয়। ভোট গণনা শেষে নির্বাচনে প্রিজাইডিং অফিসার মোঃ ফজলুর হক ফলাফল ঘোষণা করে।

নির্বাচন ৪ জন অভিভাবক পুরুষ সদস্যের বিপরীতে ১০ জন, সাধারণ অভিভাবক সদস্য এবং সংরক্ষিত ১ জনের বিপরীত আসনে ৩ জন প্রতিদ্বন্বিতা করেন।

মোট মহিলা ভোটার ১৫ জন। ফলাফলে অভিভাবক প্রতিনিধি হিসেবে সাধারণ আসনে ১ম স্থানে তরিকুল ইসলাম ১০৮ ভোট, ২য় স্থান মিলন হোসেন ৯৬ ভোট, রাসেল আহমেদ ৯৬ ভোট,মোঃ সেনাদুল হক ৯০ ভোট পেয়ে বিজয়ী হন। অপরদিকে মহিলা সংরক্ষিত সদস্য পদে হাসিনা খাতুন ৯৩ ভোটে নির্বাচিত হন।

প্রিজাইডিং অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুর হক দৈনিক মেহেরপুর প্রতিদিনকে বলেন, অত্যন্তশান্তিপূর্ণ ভাবে ভোটগ্রহণ

অনুষ্ঠিত হয়েছে।

এদিকে ধুলিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে বিজয়ী প্রার্থীরা জানান, এই অঞ্চলের ছেলে মেয়েরা দূর দূরান্ত থেকে এসে ভর্তি হয়। স্কুল সুষ্ঠ্য ভাবে পরিচালনায় আমাদের দায়িত্ব যথাযথ পালন করবো। শিক্ষার্থীরা যাতে একটি আদর্শ মানুষ হিসেবে তাদের সোনালী ভবিষ্যৎ গড়ে তুলতে পারে।